

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৯৩

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ ঋতুবতী নারীদের যখন সে ইতিপূর্বে বাইতুল্লাহর তাওয়াফ করবে, তখন তার জন্য রওয়ানা হওয়ার অনুমতি রয়েছে, যদিও সে বিদায়ী তাওয়াফ না করে থাকে

ذَكَرُ الْبَيَانَ بِأَنَّ الْحَائِضَ إِنَّمَا رَخَّصَ لَهَا أَنْ تَنْفِرَ وَإِنْ لَمْ يَكُنْ آخِرَ عَهْدِهَا بِالْبَيْتِ إِذَا كَانَتْ طَافَتْ قَبْلَ ذَلِكَ طَوَافَ الزِّيَارَةِ

আরবী

3893 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ بْنِ أَبِي مَعْشَرَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ: سَمِعْتُ الْقَاسِمَ بْنَ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ: أَنَّهَا قَالَتْ: يَا رَسُولَ اللَّهِ مَا أَرَى صَفِيَّةَ إِلَّا حَابِسَتَنَا قَالَ: (وَمَا شَأْنُهَا؟) قَالَتْ: حَاضَتْ قَالَ: (أَمَا كَانَتْ أَفَاضَتْ؟) قُلْتُ: بَلَى وَلَكِنَّهَا حَاضَتْ قَالَ: (فَلَا حَبْسَ عَلَيْهَا فَلْتَنْفِرْ) الراوي: عَائِشَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3893 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1748): ق.

বাংলা

৩৮৯৩. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার তো মনে হয় সাফিয়্যাহ রাদিয়াল্লাহু আনহা আমাদেরকে আটকিয়ে দিবে!” তখন তিনি বলেন, “তার কী ব্যাপার?” আমি বললাম, “তার হায়েয হয়েছে।” তখন তিনি বলেন, “সে কি এর আগে তাওয়াফ করেনি?” আমি বললাম, “জ্বী, হ্যাঁ। কিন্তু তার এখন হায়েয হয়েছে।” জবাবে তিনি বলেন, “তাহলে তার জন্য অবস্থান করা জরুরী নয়। সে যেন রওয়ানা হয়।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৯২-১৯৩; সহীহ মুসলিম: ১২১১; তাহাবী: ২/২৩৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/৪১২;

সহীহুল বুখারী: ৩২৮; নাসাঈ: ১/১৯৪; সুনান বাইহাকী: ৫/১৬২; দারেমী: ২/৫৬৮; ইবনু মাজাহ: ৩০৭৩; বাগাবী: ১৯৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৪৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93232>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন